

তথ্যবিবরণী

নম্বর-১৪১

বিভাগীয় পর্যায়ে ময়মনসিংহে আন্ত: পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ -

ময়মনসিংহ (সোমবার, ৪ মার্চ ২০২৪ খ্রি.):

ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ে আন্ত: পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এ সময়ে ময়মনসিংহ বিভাগের ৪ জেলা পিটিআই এর, বিভিন্ন ক্যাটাগরিতে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩৮ জন প্রতিযোগীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের মধ্য থেকে ১০ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

সোমবার (৪ মার্চ) বিভাগীয় উপপরিচালক কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ এর আয়োজনে ময়মনসিংহ পিটিআই এর সম্মেলন কক্ষে এ সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

ময়মনসিংহ বিভাগ, প্রাথমিক শিক্ষা, বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা এর সভাপতিতে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর মহাপরিচালক ফরিদ আহমদ। এছাড়াও বিভাগীয় প্রাথমিক শিক্ষা এর সহকারী পরিচালক তাহমিনা খাতুন, ময়মনসিংহ পিটিআই সুপারিনটেনডেন্ট জাহানারা খাতুন, জামালপুর পিটিআই সুপারিনটেনডেন্ট হোসেনয়ারা বেগম, নেত্রকোনা পিটিআই সুপারিনটেনডেন্ট মোহাম্মদ শাহজাহান কবীর, শেরপুর পিটিআই সুপারিনটেনডেন্ট লিপিকা মজুমদারসহ ৪ জেলার পিটিআই প্রশিক্ষার্থী সহকারী শিক্ষক বৃন্দগন এ সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা বলেন, প্রতিযোগিতায় অংশগ্রহণ করা প্রত্যেক প্রতিযোগী কোন না কোন প্রতিভার অধিকারী। আপনাদের এ প্রতিভা নিজেদের কর্মক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। এখান থেকে যারা জাতীয় পর্যায়ে যাবেন জাতীয় পর্যায়েও এ বিভাগের সম্মান ধরে রাখবেন।

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী এর মহাপরিচালক ফরিদ আহমদ বলেন, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের পড়াশোনা করানো অনেক কঠিন কাজ। তবে এই কঠিন কাজটি আপনারা খুব ধৈর্যের সাথে পালন করে যাচ্ছেন।

প্রতিযোগীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, ময়মনসিংহ একটি ইতিহাস ও ঐতিহ্যের অঞ্চল। আমি আশা করি জাতীয় পর্যায়ে যারা অংশগ্রহণ করতে যাচ্ছেন, অবশ্যই তারা ভালো কিছু করবেন।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগন প্রধান অতিথির কাছ থেকে পুরস্কার গ্রহণ করেন এবং অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ জাহিদুর রহমান।